## The Country Today



# Publication ceremony of book on 'Language Movement: History and Legacy' held

**DU Correspondent**

The publication ceremony of the book titled 'Language Movement: History and Legacy' edited by Professor Dr. Ashfaq Hossain, Director of the Dhaka University Center for Advanced Research in Arts and Social Sciences (CARAS) and Professor Dr. Mohammad Azam, Director General of Bangla Academy, was held on Monday at the Karas Bhaban.

Dhaka University Vice-Chancellor Professor Dr. Niaz Ahmed Khan was present as the chief guest and unveiled the book cover.

The event was chaired by Emeritus Professor Dr. Sirajul Islam Chowdhury of Dhaka University, and was addressed by the Director of the Center, Prof Dr. Ashfaq Hossain, and Director General of Bangla Academy, Professor Dr. Mohammad Azam. The event was Continued to page 2

## Publication ceremony

moderated by Senior Research Fellow of the Center, Kazi Samio Sheesh.

Vice-Chancellor Prof Dr. Niaz Ahmed Khan said, "The language movement is an indicator of our nationhood. An unbiased and diverse analysis of the language movement is needed. The language movement has been analyzed in different contexts in this book.

## খোলা কাগজ



# 'ভাষা আন্দোলন : ইতিহাস ও উত্তরাধিকার' শীর্ষক গ্রন্থের প্রকাশনা উৎসব

ঢাকা বিশ্ববিদ্যালয় সেন্টার ফর অ্যাডভান্সড রিসার্চ ইন আর্টস অ্যান্ড সোশ্যাল সায়েন্সেস (কারাস)-এর পরিচালক অধ্যাপক ড. আশফাক হোসেন এবং বাংলা একাডেমির মহাপরিচালক অধ্যাপক ড. মোহাম্মদ আজম সম্পাদিত 'ভাষা আন্দোলন : ইতিহাস ও উত্তরাধিকার' শীর্ষক গ্রন্থের প্রকাশনা উৎসব গতকাল ১৭ নভেম্বর ২০২৫ সোমবার কারাস ভবনে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বইয়ের মোড়ক উন্মোচন করেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইমেরিটাস অধ্যাপক ড. সিরাজুল ইসলাম চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠানে কেন্দ্রের পরিচালক অধ্যাপক ড. আশফাক হোসেন এবং বাংলা একাডেমির মহাপরিচালক অধ্যাপক ড. মোহাম্মদ আজম বক্তব্য রাখেন। কেন্দ্রের সিনিয়র রিসার্চ ফেলো কাজী সামিও শীশ অনুষ্ঠান সঞ্চালন করেন। বিজ্ঞপ্তি

## ভোরের ডাক



# 'ভাষা আন্দোলন : ইতিহাস ও উত্তরাধিকার' শীর্ষক গ্রন্থের প্রকাশনা উৎসব

ঢাকা বিশ্ববিদ্যালয় সেন্টার ফর অ্যাডভান্সড রিসার্চ ইন আর্টস অ্যান্ড সোশ্যাল সায়েন্সেস-এর পরিচালক অধ্যাপক ড. আশফাক হোসেন এবং বাংলা একাডেমির মহাপরিচালক অধ্যাপক ড. মোহাম্মদ আজম সম্পাদিত 'ভাষা আন্দোলন : ইতিহাস ও উত্তরাধিকার' শীর্ষক গ্রন্থের প্রকাশনা উৎসব গতকাল সোমবার কারাস ভবনে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বইয়ের মোড়ক উন্মোচন করেন

–ছবি: ঢাবি জনসংযোগ

কালের কণ্ঠ

শুভ কাজে সবার পাশে

বসুন্ধরা শুভসংঘ

# ঢাবি উপাচার্যের সঙ্গে বসুন্ধরা শুভসংঘ কর্মকর্তাদের সাক্ষাৎ

- আগৈলঝাড়ায় দরিদ্র শিক্ষার্থীকে ঢেউটিন সহায়তা
- সরিষাবাড়ীতে অসুস্থ শিশুর পাশে বসুন্ধরা শুভসংঘ
- লালমাইয়ে এতিম শিক্ষার্থীদের শীতবস্ত্র উপহার

**কালের কণ্ঠ ডেস্ক ▷**

বসুন্ধরা শুভসংঘ ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) শাখার নতুন কমিটির সদস্যরা উপাচার্যের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন। সংগঠনের উদ্যোগে আগৈলঝাড়ায় দরিদ্র শিক্ষার্থীকে ঢেউটিন, সরিষাবাড়ীতে অসুস্থ শিশুকে খাদ্যসামগ্রী ও লালমাইয়ে এতিম শিক্ষার্থীদের শীতবস্ত্র উপহার দেওয়া হয়েছে। প্রতিনিধিদের পাঠানো খবর :

**ঢাকা :** বসুন্ধরা শুভসংঘ ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) শাখার নতুন কমিটির সদস্যরা উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমেদ খানের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন। গত রবিবার উপাচার্যের অফিস কক্ষে এ সৌজন্য সাক্ষাতে নবনির্বাচিত কমিটির সভাপতি আব্দুল মমিন, সাধারণ সম্পাদক রিয়াদুস সালেহীন ও সাংগঠনিক সম্পাদক প্রতীক্ষা রানী উপস্থিত ছিলেন।

**আগৈলঝাড়া (বরিশাল) :** বসুন্ধরা শুভসংঘের উদ্যোগে দরিদ্র শিক্ষার্থী শান্তা হালদারের পরিবারকে এক বান্ডেল ঢেউটিন উপহার দেওয়া হয়েছে। গতকাল সোমবার শান্তাদের বাড়ি গিয়ে শান্তা ও তার মায়ের হাতে ঢেউটিন তুলে দেন বসুন্ধরা শুভসংঘ উপজেলা শাখার উপদেষ্টা এস এম ওমর আলী সানি ও উপজেলা যুবদল নেতা মো. সাইফুর রহমান টিটু। এ সময় উপস্থিত ছিলেন সহসভাপতি আয়কর আইনজীবী সমিরণ রায়, ইঞ্জিনিয়ার রিচার্ড বিশ্বাস, অর্থ সম্পাদক আমির হামজা, সদস্য আহাদ তালুকদার, মৃদুল দাস ও মো. রিয়াজুল ইসলাম।

**সরিষাবাড়ী (জামালপুর) :** অস্বাভাবিক শিশু মুসলিমা আক্তারের পরিবারে খাদ্যসামগ্রী উপহার দিয়েছে বসুন্ধরা শুভসংঘ। গতকাল সোমবার তার বাড়ি গিয়ে খাদ্যসামগ্রী তুলে দেন শুভসংঘের সদস্যরা। মুসলিমা আক্তার ফুলবাড়িয়া গ্রামের মুনজুর রহমান ও বীনা বেগম দম্পতির মেয়ে। এ সময় বসুন্ধরা শুভসংঘ উপজেলা শাখার উপদেষ্টা রবিউল ইসলাম, উপদেষ্টা ও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসক রবিউল ইসলাম, কালের কণ্ঠ সরিষাবাড়ী উপজেলা প্রতিনিধি মমিনুল ইসলাম কিসমত, সোহানুর রহমান সোহান, বসুন্ধরা শুভসংঘ সভাপতি জাকারিয়া আহমেদ, সাধারণ সম্পাদক কামরুজ্জামান লিটন, অর্থ সম্পাদক শাকিল আহমেদ, সাংবাদিক আবুল হোসেন, ইসমাইল হোসেন, শাহরিয়া সাদ্দাম প্রমুখ উপস্থিত ছিলেন।

**লালমাই (কুমিল্লা) :** বসুন্ধরা শুভসংঘের উদ্যোগে এতিম শিক্ষার্থীদের মধ্যে শীতবস্ত্র বিতরণ করা হয়েছে। গতকাল সোমবার বরল এতিমখানায় শিক্ষার্থীদের হাতে শীতবস্ত্র তুলে দেন বসুন্ধরা শুভসংঘের বন্ধুরা। কালের কণ্ঠ লালমাই ও কুমিল্লা সদর দক্ষিণ উপজেলা প্রতিনিধি জহিরুল ইসলামের নেতৃত্বে এ সময় উপস্থিত ছিলেন লালমাই প্রেস ক্লাব সাধারণ সম্পাদক মো. কামাল হোসেন, বসুন্ধরা শুভসংঘ উপজেলা শাখার সভাপতি ডেন্টিস্ট মোহাম্মদ মফিজুল ইসলাম মুন্না, সাধারণ সম্পাদক কাজী ইয়াকুব আলী নিমেল, লালমাই রিপোর্টার্স ইউনিটির সাধারণ সম্পাদক প্রদীপ মজুমদার ও বরল এতিমখানার শিক্ষক হাফেজ আরমান।




বসুন্ধরা শুভসংঘ ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার নতুন কমিটির সদস্যরা গত রবিবার উপাচার্য ড. নিয়াজ আহমেদ খানের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন। ছবি : কালের কণ্ঠ

## The Daily Citizen Times

# DUCSU celebrates 'Adi Noboborsho' for first time

**Entertainment Desk**

Dhaka University Central Students' Union (DUCSU) today celebrated 'Adi Noboborsho' for the first time, marking the first day of the Bangla month Ograhayon and the traditional Nabanna Utsab, with a colourful procession highlighting diverse native cultural elements.

The day's events began at 10 am with an art programme titled 'Rong-Tulite Nobanno', where artists and students created paintings depicting Nabanna Utsab and the July Movement. Traditional symbols such as a kula (paddy winnowing tray), farmers with sickles, gamchha, hatpakha, a horse-drawn carriage and other motifs rooted in rural heritage were showcased. Jointly organised by DUCSU and the platform 'Biplobi Sangskritik Oikya', the main procession, bannered 'Adi Noboborsho Anondojatra', started around 12 pm in front of the Fine Arts Faculty. Witnesses said displays featuring the motif '36 July', along with a palki, a woman farming, and a fisherman casting a net, were among the attractions. A day-long Grameen Mela (village fair) was also held as part of the celebration. DUCSU Literature and Culture Secretary Musaddiq Ali Ibn Mohammad had earlier announced the observance of Adi Noboborsho on November 14.




The festivities concluded with cultural performances at Bakultala of the Fine Arts Faculty, including Palagan, Bhawaiyya, Bhatiali, Murshedi, songs of Hasan Raja, Shah Abdul Karim, Abdul Alim, Lalon Fakir, as well as Sufiana music and Pahari dance.

Speaking at the event, Musaddiq Ali said the aim was to reconnect the new generation with indigenous culture and traditions rooted in this land.

He said some groups had tried to misinterpret his earlier remarks to portray the programme as an alternative to Pahela Baishakh, but the successful event and public participation proved otherwise.

Referring to the history of Nabanna Utsab, he noted that Ograhayon had long been observed as Noboborsho by farmers celebrating the new harvest.

আমার দেশ




রাজধানীর শাহবাগে সোমবার ফাঁসির মঞ্চে শেখ হাসিনার প্রতীকী ফাঁসির দৃশ্য মঞ্চায়ন ©আমার দেশ

**হাসিনার মৃত্যুদণ্ডের রায়**

মুগ্ধের বড় ভাই বললেন

## ফাঁসি কার্যকরের রূপরেখা চাই

**স্টাফ রিপোর্টার**

সরকার কীভাবে মানবতাবিরোধী অপরাধের দায়ে ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও তৎকালীন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামালের মৃত্যুদণ্ড কার্যকর করবে, এর সুস্পষ্ট পথ ও রূপরেখা দেখতে চেয়েছেন জুলাই অভ্যুত্থানে রাজধানীর উত্তরায় শহীদ হওয়া মীর মাহফুজুর রহমান মুগ্ধের বড় ভাই মীর মাহমুদুর রহমান দীপ্ত।

গতকাল সোমবার আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে রায় ঘোষণার পর প্রতিক্রিয়া জানাতে গিয়ে এ দাবি জানান তিনি।

আমার দেশকে মীর দীপ্ত বলেন, জনগণ ২০২৪ সালের ৫ আগস্টেই তার রায় দিয়ে দিয়েছে। আমরা মনে করি আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের এ রায় জনগণেরই রায়। জনগণের রায়ই আদালতের মাধ্যমে এলো। এর জন্য আমরা অবশ্যই কৃতজ্ঞ। তবে আরেক আসামি সাবেক আইজিপি চৌধুরী আবদুল্লাহ আল-মামুনকে যে পাঁচ বছরের কারাদণ্ড দিয়েছে, এর বিরুদ্ধে আমরা অবস্থান নিচ্ছি। আমাদের মামলায় আমরা এটি নিয়ে লড়ব, উচ্চ আদালতেও যাব।

## ঢাবিতে ছাত্র-জনতার উল্লাস মিষ্টি বিতরণ, আনন্দ মিছিল

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার**

জুলাই গণঅভ্যুত্থানে ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে মৃত্যুদণ্ড দিয়েছে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল। গতকাল সোমবার এ রায় ঘোষণার পর ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসি এলাকায় ছাত্র-জনতার স্বতঃস্ফূর্ত উচ্ছ্বাস দেখা গেছে। এ সময় উপস্থিত শিক্ষার্থী-জনতা মিষ্টি বিতরণ করেন এবং বেলা ৩ টার দিকে মেট্রো স্টেশনের পাদদেশ থেকে একটি আনন্দ মিছিল বের করেন তারা। মিছিলটি ক্যাম্পাস প্রদক্ষিণ করে সচিবালয় অভিমুখে যাত্রা করে।

তাৎক্ষণিক প্রতিক্রিয়ায় ডাকসুর প্রতিনিধিসহ উপস্থিত ছাত্রনেতারা সংক্ষিপ্ত বক্তব্য দেন।

এসময় উপস্থিত ছাত্র-জনতা এই রায়কে 'বাংলাদেশের বিচারব্যবস্থার জন্য নতুন দৃষ্টান্ত' বলে অভিহিত করেন। তারা বলেন- বিচারহীনতার যে সংস্কৃতি দীর্ঘ সময় ধরে চলমান ছিল, এই রায় তার একটি গুরুত্বপূর্ণ মোড় পরিবর্তনের মুহূর্ত।

তারা বলেন, বহু বছর ধরে সংঘটিত মানবাধিকার লঙ্ঘন, হত্যা-গুমসহ গুরুতর অভিযোগের বিচার নিয়ে মানুষের মনে যে প্রশ্ন ছিল, ট্রাইব্যুনালের রায় সেই প্রত্যাশার প্রতিফলন করেছে। তারা প্রসিকিউশন টিমের কঠোর পরিশ্রম ও সাক্ষীদের সাহসিকতার জন্য কৃতজ্ঞতা জানান।

ডাকসুর সমাজসেবা সম্পাদক এবি জুবায়ের বলেন, আমাদের সামনে এখন একটি নতুন পথ খুলে গেছে। রাষ্ট্র পরিচালনা থেকে শিক্ষা, গবেষণা, প্রযুক্তি—সবক্ষেত্রে একটি স্বচ্ছ ভবিষ্যৎ নির্মাণের সুযোগ এসেছে। এই প্রজন্মই সেই পরিবর্তনের নেতৃত্ব দেবে। এসময় তিনি চিফ প্রসিকিউটর মোহাম্মদ তাজুল ইসলামকে তার অক্লান্ত পরিশ্রম ও সাহসিকতার জন্য ধন্যবাদ জানান।

এদিন সকাল থেকে মিছিল ও উচ্ছ্বাসে ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকায় উৎসবমুখর পরিবেশ বিরাজ করে। টিএসসি এলাকায় জায়ান্ট স্ক্রিনে হাসিনার মৃত্যুদণ্ডের রায় সরাসরি সম্প্রচার হয়।